বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।

www.alormela.org

তারিখঃ ০৯-০৩-২০১৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর কার্যালয় এবং এর অধীন অন্যান্য কার্যালয়ের নিম্নলিখিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	মন্তব্য
১	অডিটর বেতন স্কেল ঃ ৬৪০০-১৪২৫৫/-	২২৬	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ক) লক্ষীপুর, খাগড়াছড়ি, চাঁদপুর, নড়াইল, খুলনা, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, মানিকগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, টাঙ্গাইল, পাবনা ও চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। খ) মুক্তিযোদ্ধার সন্তান/ পোষ্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২	সিনিয়র একাউন্টস ক্লার্কস বেতন স্কেল ঃ ৫৯০০-১৩১২৫/-	৩৬	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৩	জুনিয়র অডিটর বেতন স্কেল ঃ ৪৭০০-৯৭৪৫/-	৮	স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এইচ.এস.সি./ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ক) ফেনী, লক্ষীপুর, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, ঢাকা, সিরাজগঞ্জ, লালমনিরহাট, কুড়িগ্রাম, বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, টাংগাইল, কিশোরগঞ্জ, নেত্রকোনা ও হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। খ) মুক্তিযোদ্ধার সন্তান/ পোষ্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৪	টেলিফোন অপারেটর বেতন স্কেল ঃ ৪৭০০-৯৭৪৫/-	২	স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এইচ.এস.সি./ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

আবেদনের শর্তাবলী ঃ

১। আবেদনকারীকে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিক হতে হবে।

২। মুক্তিযোদ্ধার সন্তান/ পোষ্য কোটা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

৩। আবেদনকারীকে www.bdjobs.com/cagbd ওয়েব সাইট এর মাধ্যমে ১৫/০৩/২০১৪ খ্রিঃ তারিখ হতে ০৫/০৪/২০১৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদন ফরমের নির্ধারিত স্থানে সকল তথ্য পূরণ এবং একটি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সফট কপি) আপলোড করতে হবে। অনলাইনে আবেদন সফলভাবে সম্পন্ন হলে একটি স্বয়ংক্রিয় (অটো জেনারেটেড) ট্র্যাকিং নাম্বার পাওয়া যাবে। এই নাম্বারটি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে ও তা ট্রেজারী চালানের অপর পৃষ্ঠায় লিখে দিতে হবে। এছাড়া অনলাইনে আবেদন ফরম পূরণ সফলভাবে সম্পন্ন হওয়ার পর প্রতিটি পদের জন্য আলাদা আলাদা কনফার্মেশন স্লিপ (আবেদনপত্রের প্রিন্ট কপি) পাওয়া যাবে, যা প্রার্থীকে প্রিন্ট করে নিতে হবে। আবেদনপত্রের এ প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে প্রার্থী কর্তৃক স্বাক্ষর করে চালানের মূলকপি সহ নিম্নস্বাক্ষরকারী বরাবর নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের একটি কপি (কনফার্মেশন স্লিপ) প্রার্থী Applicant's Copy হিসেবে নিজে সংরক্ষণ করবেন। শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর জমা দিতে হবে। **কনফার্মেশন স্লিপ (আবেদনপত্রের প্রিন্ট কপি) ও চালানের মূল কপি প্রেরণের সময় খামের ওপর পদের নাম, নিজ জেলা ও অনলাইন আবেদনের সময় প্রাপ্ত ট্র্যাকিং নাম্বার স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রতিটি পদের জন্য আলাদা আলাদাভাবে আবেদন করতে হবে।**

৪। সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরীরত প্রার্থীদেরকে অনলাইন আবেদন ফরম পূরণ করে তার প্রিন্ট কপি চালানের মূলকপিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

৫। আবেদনকারীর বয়স ০১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে ১৮ বৎসর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। কেবল মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বয়সসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়স শিথিল সংক্রান্ত এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশ) টাকা কোড নম্বর ১/১০০১/০০০১/২০৩১ এ বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকের যে কোন ট্রেজারী ব্রাঞ্চে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করতে হবে। অনলাইন আবেদন ফরমে চালান নম্বরটি উল্লেখ করতে হবে বিধায় অনলাইন আবেদন ফরম পূরণের পূর্বেই ট্রেজারী চালানে টাকা জমা করার কাজ সম্পন্ন করতে হবে।

৭। মুক্তিযোদ্ধার পোষ্য কোটা, উপজাতীয় কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কোটা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটাসহ অন্যান্য বিশেষ কোটায় নিয়োগ লাভে প্রত্যাশী প্রার্থীদেরকে সরকার কর্তৃক ঘোষিত যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদ/সনদের সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর জমা দিতে হবে।

৮। সরকারি নীতিমালা অনুসারে বিভিন্ন কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৯। লিখিত /মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার দৈনিক ভাতা/ ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় এবং এর অধীন যে কোন কার্যালয়ে পদস্থাপন করা হবে এবং এক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করতে পারেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। কোন অসত্য তথ্য প্রদান করে কোন প্রার্থী আবেদন করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

আবেদন করার পদ্ধতিঃ

১। আগ্রহী প্রার্থীদেরকে www.bdjobs.com/cagbd ওয়েবসাইটের মাধ্যমে ১৫/০৩/২০১৪ খ্রিঃ তারিখ হতে ০৫/০৪/২০১৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে Online Application Form পূরণ পূর্বক আবেদন করতে হবে। ওয়েবসাইটের আবেদন ফরমে প্রদত্ত নির্দেশিকা অনুসরণ করে প্রার্থী যথাযথভাবে ফরম পূরণ করবেন।

২। নির্ধারিত প্রক্রিয়ায় আবেদনপত্র পূরণ শেষে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ করা হবে। প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ সফল আবেদনকারীকে ই-মেইল/এসএমএস/সংবাদপত্রের মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কে জানানো হবে। **এরপর প্রার্থীকে www.bdjobs.com/cagbd ওয়েবসাইট হতে পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে নিতে হবে।** Admit Card টি প্রার্থী সংরক্ষণ করবেন যা পরবর্তীতে লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।

৩। প্রার্থীদের সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদন ফরম পূরণ করে কনফার্মেশন স্লিপের প্রিন্ট কপি এবং ট্রেজারী চালানের মূলকপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের পরামর্শ দেওয়া হলো।

(সাঈদ মোহাম্মদ আসাদুজ্জামান)
এসিস্ট্যান্ট কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এক্সাম এন্ড ইন্সপেকশন)
ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০